

## মুখোমুখি

রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহ

আমারা কথা বলতে চাই,  
আমারা আমাদের ক্ষুধার কথা বলতে এসেছি,  
আমারা কথা বলবো।

তোমরা সঙ্গিন উঁচিয়ে আছো  
তোমরা রাইফেল তাক করে রেখেছো  
তোমরা অস্ত্রধারী পাশা লেলিয়ে দিয়েছো -  
মিছিলের পরে ট্রাক চালিয়ে দিয়েও  
আমাদের ফেরাতে পারোনি।  
আমরা আমাদের বঙ্গহীনতার কথা বলতে এসেছি,  
আমারা কথা বলবো।

লাঠিচার্জ আমাদের ফেরাতে পারেনি  
কাঁদানে গ্যাস আমাদের ফেরাতে পারেনি  
রাইফেল আমাদের ফেরাতে পারেনি  
মেশিন গান আমাদের ফেরাতে পারেনি -  
আমারা এসেছি,  
আমারা আমাদের গৃহহীনতার কথা বলবো।  
কৃষক তোমাদের পক্ষে যাবে না  
শ্রমিক তোমাদের পক্ষে যাবে না  
ছাত্র তোমাদের পক্ষে যাবে না  
সুন্দর তোমাদের পক্ষে যাবে না  
স্বপ্ন তোমাদের পক্ষে যাবে না -

তারা সকলেই কষ্টে আছে  
তারা সকলেই অনটনে আছে  
তারা সকলেই বিক্ষোভের হাত তুলেছে।

তোমাদের পক্ষে যাবে কুকুর  
তোমাদের পক্ষে যাবে সুবিধাভোগী  
তোমাদের পক্ষে যাবে বিভবান নেকড়েরা।

বৃক্ষ তোমাদের অভিশাপ দিচ্ছে  
শস্য তোমাদের অভিশাপ দিচ্ছে

রক্ত তোমাদের অভিশাপ দিচ্ছে  
তোমাদের অভিশাপ দিচ্ছে পৃথিবীর সমস্ত শিশুরা ।

লক্ষ মৃত্যু আমাদের ফেরাতে পারেনি  
আমরা এসেছি ।

আমরা আমাদের শিক্ষাহীনতার কথা বলবো  
আমরা আমাদের চিকিৎসাহীনতার কথা বলবো  
আমরা আমাদের গৃহহীনতার কথা বলবো  
আমরা আমাদের বস্ত্রহীনতার কথা বলবো  
আমরা আমাদের ক্ষুধা ও মৃত্যুর কথা বলবো ।

আমরা তিতুমিরের বাঁশের কেলা থেকে এসেছি  
আমরা সিপাহী আন্দোলনের দুর্গ থেকে এসেছি  
আমরা তেভাগার কৃষক, নাচোলের যোদ্ধা  
আমরা চটকলের শ্রমিক, আমরা সূর্যসেনের ভাই  
আমরা একাত্তরের স্বাধীনতায়ুদ্ধ থেকে এসেছি  
কাঁধে স্টেন, কোমরে কার্তুজ, হাতে উন্নাত্ত গ্রেনেড -  
আমরা এসেছি ।